গাংনীর ভাটপাড়া আবাসন প্রকল্পে কম্বল বিতরণ করলেন জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া আবাসন প্রকল্পে সরকারি কম্বল বিতরণ করেছে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান।

শনিবার বিকেলে ভাটপাড়া আবাসন প্রকল্পে কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা প্রশাসন ও প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর। এ সময় ৯০ টি পরিবারের মাঝে প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল তহবিলের কম্বল বিতরণ করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা ভূমি কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার নিরঞ্জন চক্রবর্তী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান। স্থানীয় ইউপি সদস্য নজরুল ইসলাম, রিপন আলী, উপজেলা নির্বাহী অফিসারের অফিস সহকারি (নাজির) আবু হানজালা প্রমুখ এ সময়ে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান বলেন, মেহেরপুর জেলায় এ বছর সাড়ে ১০ হাজার কম্বল এসেছে।আরো কম্বল আসার সম্ভাবনা রয়েছে। জেলা বিভিন্ন অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণের কাজ অব্যাহত রয়েছে। এছাড়া আরো কম্বলের চাহিদা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলার কোন মানুষ যাতে শীতে কষ্ট না পায় সে লক্ষ্যে প্রধানমন্ত্রী প্রান্তহবিল থেকে এ কম্বল প্রেরণ করেছেন।কম্বল পেয়ে অসহায় মানুষ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য দোয়া করেছেন।

গাংনীতে যুবদল নেতা গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে বেলাল হোসেন ওরফে বেলু (৪০) নামে যুবদলের এক নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত বেলু গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়ন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক ও জোড়পুকুরিয়া গ্রামের আহম্মদ আলীর ছেলে।

আজ শনিবার ভোররাতে গাংনী থানা পুলিশের একটিদল অভিযান চালিয়ে বেলুকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী শহরে একটি মিছিল বের করে।

এসময় গাংনী সরকারি মাছের হ্যাঁচারির কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিলকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে বলে অভিযোগ করে বিএনপিকে দায়ি করেছিলেন ছাত্রলীগ নেতাকর্মীরা। ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত ৩টি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলায় বেলুকে গ্রেফতার হয়।

শনিবার দুপুরে তাকে মেহেরপুর আদালতে সোর্পদ করা হয়।

গাংনীতে আওয়ামীলীগের প্রতিবাদ মিছিল

গাংনীতে বিএনপি জামাতের নৈরাজ্য,অপপ্রচার ও সন্ত্রাসীমুলক কর্মকান্ডের প্রতিবাদে প্রতিবাদ মিছিল করেছে গাংনী উপজেলা ছাত্রলীগ,কৃষকলীগ ও সেচ্চাসেবক লীগ।

শনিবার বেলা ১২ টার সময় একটি প্রতিবাদ মিছিল গাংনী বাজার

বাসস্ট্যান্ড রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। প্রতিবাদ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক । মিছিল শেষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্য রাখেন এমএম খালেক। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান,সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, শ্রমিক লীগের আহবায়ক মনিরুল ইসলাম মনি, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী সরকারি ডিগ্রী কলেজের সভাপতি শাহিন রেজা প্রমুখ।

গাংনীতে দুই বিএনপি কর্মী গ্রেফতার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দুই বিএনপি কর্মীকে গ্রেপ্তার করেছে। তাদের বিরুদ্ধে নাশকতার অভিযোগ রয়েছে বলে দাবি করেছে পুলিশ।

বৃহষ্পতিবার রাতে তাদেরকে নিজ নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেফতারকৃত কর্মীরা হচ্ছেন- গাংনীর তেরাইল গ্রামের রকবুল হোসেনের ছেলে মন্টু মিয়া(৫০) ও বাওট গ্রামের মওলা বক্সের ছেলে সিরাজুল হক(৫৫)। দুজনকেই শুক্রবার সকালে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গত ২৮ নভেম্বর সন্ধ্যায় গাংনী শহরে ছাত্রলীগের মিছিল চলাকালীণ সময়ে ককটেল বিষ্ফোরণ ঘটে। পুলিশ ঘটনাস্থল থেকে তিনটি ককটেল উদ্ধার করে। বিএনপি কর্মীরা ছাত্রলীগের উপর ককটেল হামলা করে উল্লেখ করে সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু একটি মামলা করেন। ওই মামলার আসামী হিসেবে মন্টু মিয়া ও সিরাজুল হককে গ্রেফতার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সহায়তায় (ভর্তুকি মূল্যে) কৃষি যন্ত্রপাতি বিতরণ করেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ লাভলী খাতুন।

গাংনী পোষ্ট অফিস পাড়ার ফারুক হোসেন একটি বেড প্লান্টার মেশিনের জন্য আবেদন করলে তার আবেদনটি উপজেলা কৃষক উন্নয়ন কমিটি যাচাই বাছাই করেন। পরে ফারুক হোসেনকে সরকারি ভর্তুকি মুল্যে একটি বেড প্লান্টার মেশিন প্রদান করা হয়।

এসময় কৃষক প্রতিনিধি শহিদুল ইসলাম বিশ্বাস,স্থানীয় সাংবাদিক ও বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারিগন উপস্থিত ছিলেন।

গাংনীর বামুন্দী থেকে যুবদল নেতা জাহিদ গ্রেফতার

গাংনীর উপজেলা যুব দলের সদস্য সচিব জাহিদ আহম্মেকে (৪২) গ্রেফতার করেছে পুলিশ।

আজ বুধবার দুপুরে গাংনী থানা পুলিশের একটি টীম তাকে বামন্দী বাজার থেকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদ গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মৃত মেছের আলীর ছেলে।

গাংনী থানার এসআই মাসুদ সঙ্গীয় ফোর্স নিয়ে দুপুরে তাকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদকে নাশকতার মামলায় গ্রেফতার করা হয়েছে বলে জানায় পুলিশ।

প্রসঙ্গত, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বর রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে। এ সময় গাংনী সরকারি মাছের হ্যাচারি কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিল লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে অভিযোগ করে বিএনপিকে দায়ী করে।

ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলার আসামি হিসেবে

রাতেই পৌর বিএনপির আহবায়ক সাহিদুল ইসলামকে গ্রেফতার করে। পরবর্তীতে সাবেক ইউপি সদস্য জাহাঙ্গীর আলম গ্রেফতার হয়। এর মাঝে মামলার এজাহার নামীয় আসামিরা মঙ্গলবার উচ্চাদালত থেকে আগাম জামিন পায়।

৫০ টাকা খরচে চাকরি পেলেন বুলবুলি

মেধাবী ছাত্রী বুলবুলি খাতুন। লেখাপড়া করার সময় পরিবার ও প্রতিবেশি সকলেই বলেছিল আজকাল টাকা ছাড়া চাকুরি মেলেনা। লেখাপড়ার পাঠ চুকিয়ে তাকে বিয়ে দিয়ে দাও। কিন্তু বিয়ের পিড়িতে বসেনি বুলবুলি। বড় ভাইয়ের সামান্য রোজগারের টাকায় সংসার চালিয়ে ছোট বোনকে লেখাপড়া শিখেছে।

মাষ্টার্স পাশ করে মাত্র ৫০ টাকা খরচ করে আবেদন করে চাকরি পেয়ে তাক লাগিয়ে দিয়েছেন সে। সকলেই এখন বুলবুলির প্রশংসায় পঞ্চমুখ। মেহেরপুরের গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের দিনমজুর আজিজুল হকের মেয়ে বুলবুলি । পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আয়া পদে চাকরি পেয়ে দিনমজুর পিতা মাতা ও বড় ভাইয়ের পরিশ্রম স্বার্থক করে মুখ উজ্জল করেছেন। চাকরি করে হাল ধরেত চান সংসারের। শুধু বুলবুলি নয়,মাত্র ৫০ টাকা খরচ করে চাকরি পেয়েছেন মেহেরপুরের আরও তিনজন।

আজ (৭ ডিস্মেবর) বুধবার দুপুরে জেলা পরিবার করিকল্পনা অধিদপ্তর থেকে তারা নিয়োগপত্র গ্রহন করেন। তারা নিয়োগ পত্র হাতে পেয়ে আনন্দে কেঁদেছেন।

জানাগেছে, গাংনীর চেংগাড়া গ্রামের দিনমজুর আজিজুল হকের চার ছেলে মেয়ের মধ্যে বুলবুলি ছোট। বৃদ্ধ বাবা মা বয়সের ভারে নুইয়ে পড়েছেন। বৃদ্ধ হওয়ায় আজিজুল আর কাজ কর্ম কিছুই করতে পারেননা। বড় ভাই বুদু আলির শ্রম বিক্রির সামান্য আয়ে চলে তাদের সংসার। বুলবুলি ছোট বেলা থেকেই মেধাবী। পড়াশুনার প্রতি তার মনোনিবেশ ও আগ্রহ দেখে একমাত্র ভাই স্বপ্ন দেখেন অন্য দু’ বোনের বিয়ে হয়ে গেলেও ছোট বোন বুলবুলিকে লেখাপাড়া করিয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত

পেয়েছি বলে জানতে পারি। পরে মৌখিক পরিক্ষায় অংশ নিয়ে ৩০ নম্বর পেয়েছি বলে তালিকা প্রকাশ করেন সংশ্লিষ্টরা। জেলা প্রশাসনের পক্ষ থেকে বার বার বলা হয়েছে কারো সাথে টাকা পয়সা লেনদেন না করার জন্য। বিনা পয়সায় চাকরি হয়েছে আমার। আমার মত অনেকেই আছে যারা মেধাবী। টাকা পয়সা খরচ করার স্বামর্থ নেই। আমার চাকুরির মধ্যদিয়ে প্রমাণীত হলো টাকা ছাড়া আমাদের দেশেও সরকারি চাকরি হয়। জেলা প্রশাসনের এই উদ্যোগ সকল শিক্ষার্থীকে মেধাবী করতে সহায়তা করবে।

বুলবুলি আরও জানায়, মেহেরপুর জেলা প্রশাসক বিনা খরচে বিনা ঘুষে চাকরি দিয়ে একটি দৃষ্টান্ত তৈরী করলেন । বর্তমান সরকার নারী শিক্ষার যে ভুমিকা নিয়েছে তা আরো তরন্বিত হবে।

বুলবুলির পিতা আজিজুল হক জানান, আমি বৃদ্ধ হয়েছি। আমার ছেলের উপার্জনেই আমাদের সংসার চালিয়ে মেয়ে বুলবুলির লেখা পড়া করিয়েছে। গ্রামের অনেকেই বলেছে মেয়েকে এতো বেশি পাড়ালেখা করিয়ে কি হবে বিয়ে দিয়ে দাও। কিন্তু আমার ছেলে তা না করে পাড়ালেখা করিয়েছে। বিনা খরচে চাকরি পেয়েছে আমার মেয়ে। জেলা প্রশাসক সহ সরকারকে আমি ধন্যবাদ জানায় এমন ভাবেই যেন মেধাবীরা মুল্যায়িত হয়। ঘুষ ছাড়ায় চাকরি এটা প্রমাণ করে দিল আমার মেয়ে।

বৃদ্ধা জাহানারা আমি বৃদ্ধা হয়েছি। সংসারের তেম কাজকর্ম করতে পারিনি। সংসারের সব কাজ শেরে লেখা পড়া করেছে আমার মেয়ে। চাকরি হওয়ার কথা শুনে আমি অবাক হয়েছি। আমাদের মত গরিবের মেয়ের বিনা টাকায় চাকরি হয়েছে এরজন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জেলা প্রশাসকের দীর্ঘায়ু কামনা করেন বুলবুলির মা বৃদ্ধা জাহানারা বেগম।

বুলবুলির বড়ভাই বুদু মিয়া জানান, অনেক বাধা বিপত্তি উৎরিয়ে বুলবুলিকে লেখাপড়া করিয়েছি। গ্রামে বসবাস করে বোনকে বিয়ে না দিয়ে লেখা পড়া করাতে গিয়ে অনেকেই অনেক কটু কথা বলেছে। পরের মেয়ে ঘরে আনলে বোনের লেখাপাড়া বন্ধ হয়ে যেতে পারে এমন ভাবনায় আজো বিয়ে করিনি। আমার বোন আজ বিনা টাকায় চাকুরি পেয়ে আমার শ্রমকে স্বার্থক করেছে। আমি সরকার ও ডিসি স্যারের প্রতি কৃতজ্ঞতা জানায়।

প্রতিবেশি ঝর্ণা খাতুন ও মাবিয়া জানান, বিনা টাকায় চাকুরি মেলে এমন কথা ভাবতেই পারছিনা। প্রতিবেশিরা যায় বলুক না কেন মন দিয়ে লেখাপড়া করলে আমাদের দেশেও ঘুষ ছাড়া চাকুরি হয়। আমাদের নতুন করে আশা জাগিয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, ঘুষ আর দুর্নীতি থেকে দুরে থাকতে সকল চাকরি প্রত্যাশিদের বারবার বলা হয়েছে। নিজের মেধা আর যোগ্যতা থাকলে চাকরি মানুষকে খুঁজে বেড়াতে হয়না। জেলা প্রশাসক স্যারের নির্দেশনা ছিল দালালদের খপ্পরে যেন কেউ না পড়েন। সে বিষয়টি আমরা সার্বক্ষনিক মনিটরিং করেছি। বুলবুলি আজ আমাদের দৃষ্টান্ত। দিন আনা দিন খাওয়া পরিবারে বেড়ে ওঠা একটি মেয়ে মেধার ওপর ভিত্তি করে সরকারি চাকুরি হেয়েছে। সে ভবিশ্যতে আরো ভাল কিছু করবে। তিনি আরও বলেন মেয়েদের বাল্য বিয়ে না দিয়ে লেখাপড়া করানোর জন্য প্রতিটি পরিবারের উদ্যোগেী হওয়া উচিৎ। তাহলে বুলবুলির মত অনেকেই চাকরি করে সংসারের হাল ধরতে পারবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড.মুনসুর আলল খান বলেন,মানুষের ধারনা বদলে দিতে চাই। দেশ বদলেছে। মানুষও বদলিয়েছে। কোন রকম অবৈধ লেনদেন ছাড়াই মেধাবীরা চাকুরি পাচ্ছে। বর্তমান সরকারের এটি একটি বাস্তব দৃষ্টান্ত গাংনীর বুলবুলি। ভালভাবে লেখাপাড়ায় মনোনিবেশ করলে চাকুরির জন্য টাকা লাগেনা। আমি জেলা প্রশাসক হিসেবে সকল চাকুরির ক্ষেত্রে এ ধারা অব্যাহত রাখতে দৃড় প্রতিজ্ঞ।

গাংনীর সাহারবাটিতে শেখ রাসেল মিনি স্টেডিয়ানের স্থান নির্বাচন

গাংনীর সাহারবাটিতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম দেখছে আলোর মুখ,খুব শিঘ্রই শুরু হবে কাজ। স্থান নির্বাচন,মাটি পরিক্ষাসহ সবধরনের প্রস্ততি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। স্টেডিয়ামের নির্মাণ কাজ শুরুর জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে একটি টীম জায়গা পরিদর্শন করেছেন। এবং মাঠের চারপাশে লাল নিশান দিয়ে স্থান নির্বাচন কাজ সম্পন্ন করেছে। কাজ বাস্তবায়নে গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এবং সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম প্রকল্প প্রকৌশলী শফিকুল ইসলাম মিনি স্টেডিয়ামের কাজের লে আউট প্রদানের কাজ সম্পন্ন করেন।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা নির্মাণ ব্যায় ধরা হয়েছে। স্টেডিয়াম নির্মাণ কাজের ব্যামধ্যে রয়েছে ভূমি উন্নয়ন ও খেলার মাঠের উন্নয়নসহ পাঁচ ধাপ বিশিষ্ট ৩০০ ফিটের গ্যালারি এবং ৩ তলা বিশিষ্ট একটি প্যাভিলিয়ন ভবন।

গাংনী উপজেলা শহর থেকে ৪◌ার কিলোমিটার পশ্চিমে সাহারবাটি গ্রাম। জমিজমা জটিলতা না থাকায় এবং বিভিন্ন মাধ্যম থেকে সাহারবাটি ফুটবল মাঠ টি মিনি স্টেডিয়াম নির্মাণের উপযোগী হিসেবে মনোনীত করা হয়। বর্তমান সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় সাহারবাটি গ্রামের ফুটবলমাঠে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ হওয়ায় এলাকাবাসী সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, স্টেডিয়াম নির্মাণ কাজের সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। দুএক দিনের মধ্যেই কাজ শুরু হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসম্পাদক হলেন গাংনীর মেয়ে তন্দ্রা

মেহেরপুরের গাংনীর মেয়ে মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় নির্বাহী সংসদের সহসম্পাদক হিসেবে মনোনীত করেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পৌর সভার সাবেক মেয়র যুবলীগ নেতা আশরাফুল ইসলামের গাংনী উপজেলা মহিলা যুবলীগের সভাপতি, মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত নারী সদস্য (গাংনী) শাহানা ইসলাম শান্তনার বড় মেয়ে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে সমুন্নত রেখে সোনার বাংলা বির্নিমাণে বঙ্গবন্ধু তনয়া শেখ হাসিনার নেতৃত্বে আধুনিক—উন্নত—ডিজিটাল ও অসম্প্রদায়িক বাংলাদেশের অগ্রযাত্রা অবিরত রাখতে আপনার কর্মনিষ্ঠা বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালকে আরও সমৃদ্ধ করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক পদে এই প্রথম মেহেরপুর জেলার কোনো ছাত্রী নির্বাচিত হলেন।

জানা গেছে, মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে গোল্ডেন এবং ঢাকা মাইলস্টোন কলেজ থেকে ইন্টারমিডিয়েট পরীক্ষায় গোল্ডেন জিপিএ—৫ পেয়ে তার লেখাপড়া স্বাক্ষর রাখেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা রাজশাহী বিশ্ববিদ্যায়ে ইংরেজি বিভাগে ভর্তি পরীক্ষায় ৩ হাজার পরীক্ষার্থীদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১৪ তম স্থান দখল করেন। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৮০তম এবং ইংরেজি বিভাগে ২৮তম স্থান দখল করেন।